



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘Basic Counseling Skill’ শীর্ষক ট্রেনিং প্রোগ্রামের উদ্বোধনী



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রজেক্টের ‘CPSF 292’ সাব প্রজেক্ট-এর আওতায় মনোবিজ্ঞান বিভাগের উদ্যোগে তিন দিনব্যাপী (১৭-১৯ জুলাই) ‘Basic Counseling Skill’ শীর্ষক ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠান ১৭ জুলাই-২০১৮, মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সিগমুন্ড ফ্রয়েড কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং সাব-প্রজেক্টের প্রধান অধ্যাপক ড. অশোক কুমার সাহা-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন। স্বাগত বক্তব্য প্রদান করেন সাব প্রজেক্টের DSPM অধ্যাপক ড. নূর মোহাম্মাদ।

ট্রেনিং-এর প্রথম দিনে ‘Assessment Overview’ বিষয়ে বিভাগীয় সহকারী অধ্যাপক কিশোর রায়, ‘Clinical Interview & Session Structure’ বিষয়ে সহকারী অধ্যাপক সানজিদা খান এবং ‘Overall



Interviewing & Communication Skill' ও 'Interview & Communication Skill' বিষয়ে সহযোগী অধ্যাপক ড. ফারজানা আহমেদ প্রশিক্ষণ প্রদান করেন। এসময় বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

ট্রেনিং-এর দ্বিতীয় দিনে অর্থাৎ ১৮ জুলাই 'Formulation' বিষয়ে সহকারী অধ্যাপক শামীমা আক্তার, 'Group Work' বিষয়ে অধ্যাপক ড. নূর মোহাম্মদ ও সহকারী অধ্যাপক কিশোর রায়, 'Presentation' বিষয়ে অধ্যাপক ড. নূর মোহাম্মদ প্রশিক্ষণ প্রদান করবেন। এছাড়াও ট্রেনিং প্রোগ্রামের সমাপনী দিনে অর্থাৎ ১৯ জুলাই 'Interventions' বিষয়ে সহযোগী অধ্যাপক ড. ফারজানা আহমেদ এবং 'Ethical Issues' বিষয়ে মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং সাব-প্রজেক্টের প্রধান অধ্যাপক ড. অশোক কুমার সাহা প্রশিক্ষণ প্রদান করবেন